

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৫৪৭

পর্ব-১১: হজ (এшانما المناسك)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - ইহরাম ও তালবিয়াহ্

আরবী

عَنْ زَيْدِ بْنِ ثَابِتٍ أَنَّهُ رَأَى النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ تَجَرَّدَ لِإِهْلَالِهِ وَاغْتَسَلَ. رَوَاهُ التِّرْمِذِيِّ والدارمي

বাংলা

২৫৪৭-[৮] যায়দ ইবনু সাবিত (রাঃ) হতে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ইহরাম বাঁধার উদ্দেশে কাপড় খুলতে ও গোসল করতে দেখেছেন। (তিরমিযী ও দারিমী)[1]

ফুটনোট

[1] সহীহ: তিরমিযী ৮৩০, সহীহ ইবনু খুযায়মাহ্ ২৫৯৫, সুনানুল কুবরা লিল বায়হাকী ৮৯৪৪, ইরওয়া ১৪৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (تَجَرَّدَ لِإِهْلَالِه) "তিনি ইহরাম বাঁধার জন্য কাপড় খুললেন"। অর্থাৎ- ইহরাম বাঁধার উদ্দেশে সেলাই করা কাপড় খুলে চাদর পরিধান করলেন। (وَاغْتَسَلَ) "এবং গোসল করলেন"। অর্থাৎ- ইহরামের জন্য গোসল করলেন।

ইমাম শাওকানী বলেনঃ অত্র হাদীস প্রমাণ করে যে, ইহরাম বাঁধার জন্য গোসল করা মুস্তাহাব। অধিকাংশ 'উলামাগণের অভিমত এটিই।

নাসির বলেনঃ ইহরামের জন্য গোসল করা ওয়াজিব। ইহরামের জন্য গোসল করার উদ্দেশ্য, শরীর পরিষ্কার করা এবং শরীর থেকে দুর্গন্ধ দূর করা যাতে মানুষ কষ্ট না পায়।

ইবনুল মুন্যির বলেনঃ 'উলামাহগণ এ বিষয়ে একমত যে, ইহরামের উদ্দেশে গোসল করা বৈধ, তবে তা ওয়াজিব নয়। কিন্তু হাসান বাসরী বলেনঃ কেউ যদি গোসল করতে ভুলে যায় তাহলে যখন স্মরণ হবে তখন গোসল করে নিবে।



হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন